

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২য় শ্রেণির নন-গেজেটেড ২২৯ জন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) এর উচ্চতর টাইমস্কেল (৮, ১২, ও ১৫ বছর পূর্তিতে) প্রদানে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইবুনাল (মামলা নং ৮৯/২০০৮) এর রায় বাস্তবায়ন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব (কারিগরি)
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২৮ জুলাই ২০১৬ সময় : ১১.০০ মিনিট
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। জনাব মো: মিজানুর রহমান, যুগ্ম সচিব ও পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। জনাব মাহবুবা ফারজানা, উপ সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব নাসিমা হোসেন, উপ-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ড. মো: ওমর ফারুক, উপ-সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ হয়। অতঃপর সভায় বিজ্ঞ আদালতের রায় বাস্তবায়নে নিরিখে ২২৯ জন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) গণের অনুকূলে (৮, ১২ ও ১৫ বছর পূর্তিতে) টাইমস্কেল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব, ড. মোঃ ওমর ফারুক সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে একাধিক ডিপিপি এবং আন্তঃমন্ত্রণালয়ের সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিপি ও আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ২২৯ জন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) গণের অনুকূলে (৮, ১২ ও ১৫ বছর পূর্তিতে) টাইমস্কেল প্রদানের বিষয়ে বিধি মোতাবেক কাগজপত্রাদি, সার্ভিস বুক ও বার্ষিক গোপনীয় অনুবেদন পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় ১৯৯১ হতে ২০০৫ সময়ের বার্ষিক গোপনীয় অনুবেদন পাওয়া যায়নি। সভায় অবহিত করা হয় যে, কিংড ২৬ এপ্রিল ২০১৬ খ্রি: তারিখের ডিপিপি সভার সিদ্ধান্ত অনুযায়ী ২২৯ জন জুনিয়র ইন্সট্রাক্টরদের ১৯৯১ হতে ২০০৫ সাল পর্যন্ত সময়ের বিশেষ এসিআর গ্রহণ অথবা উক্ত সময়ের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রমার্জনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের দিকনির্দেশনা কামনা করা হয়েছে।

০২। সিদ্ধান্ত :

২.১ বিজ্ঞ আদালতের রায় বাস্তবায়নে ২২৯ জন জুনিয়র ইন্সট্রাক্টরদের ১৯৯১ হতে ২০০৫ সাল পর্যন্ত সময়ের বিশেষ এসিআর গ্রহণ অথবা উক্ত সময়ের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রমার্জনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের দিকনির্দেশনা পাওয়া মাত্রই রায় বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ও

সভাপতি

নং ৩৭.০০.০০০০.০৭৬.০৬.০১০.১৫(অংশ-৩)-৬৮০/(১০)

তারিখ: ১৩ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ
২৮ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
- ০৬। মন্ত্রণালয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৯। আইন কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। আইন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।


(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব

ফোনঃ ৯৫৬৯৭২৬